মুজিবনগরে ফলন্ত কল ও কচু ক্ষেত কেটেছে দূর্বৃত্তরা

মুজিবনগরের বিশ্বনাথপুর বিল মাঠে নামক স্থানে কৃষকের এক বিঘা ৫ কাটা জমির ফলন্ত কলা গাছ ও দশ কাঠা জমির কচু কেটে তছরুপ করেছে দুর্বৃত্তরা।

গতকাল বুধবার দিবাগত রাতের কোন এক সময় এই ফসল কাটার ঘটনা ঘটে। এতে ওই কৃষকের প্রায় সাড়ে তিন লক্ষ টাকার ক্ষতি হয়েছে বলে জানান তিনি।

এ বিষয়ে মুজিবনগর থানায় একটি অভিযোগের দায়ের করেন তিনি।

মুজিবনগর উপজেলার বিশ্বনাথপুর গ্রামের ক্ষতিগ্রস্থ কৃষক রাহেল বিশ্বাস জানান, পূর্ব শত্রুতার জের ধরে কে বা কারা আমার এক বিঘা ৫ কাঠা জমির কলা ও ১০ কাঠা জমির কচু ক্ষেত কেটে দিয়েছে। এতে আমার প্রায় সাড়ে ৩ লাখ টাকার ক্ষতি হয়েছে। আমি প্রশাসনের কাছে এর সঠিক তদন্ত ও বিচার দাবী করছি।

এ ব্যাপারে মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল বলেন, লিখিত অভিযোগ এখনো পাইনি। পেলে তদন্ত সাপেক্ষ প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।